# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজাপুর, পাবনা-৬৬০০

## কর্মস্থলে যোগদানের জন্য বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/৪০৫/ ১৪৪২(৭) তারিখ ঃ ০৪ নভেম্বর ২০২৫ খ্রি.

**বর্তমান ঠিকানা**
**আশীষ কুমার সাহা**
সহকারী অধ্যাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

**স্থায়ী ঠিকানা**
**আশীষ কুমার সাহা**
পিতা: চম্পক কুমার সাহা
গ্রাম: ১০/জ/২ টি.এন.রায় রোড, আমলাপাড়া
জেলা: ময়মনসিংহ।

আপনি **আশীষ কুমার সাহা**, সহকারী অধ্যাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গত ০১/০৩/২০১৫ খ্রি. তারিখে Curtin University Australia তে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য নবায়ন সাপেক্ষ ০১ বছরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষাছুটির অনুমোদন প্রাপ্ত হন। গত ২৮/০২/২০২০ খ্রি. তারিখে বিশ্ববিদ্যালয় কর্তৃক মঞ্জুরকৃত আপনার শিক্ষাছুটি শেষ হয়েছে। গত ১৩/০৯/২০২১ ইং তারিখে পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/পি.এফ-৩২৫/৭১৫ স্মারকমূলে আপনাকে স্ব-বিভাগে যোগদানের জন্য প্রথম বার পত্র প্রেরণ করা হয়। গত ১৩/০৯/২০২১ ইং তারিখ আপনি শিক্ষাছুটি বিনা বেতনে বর্ধিত করার আবেদন করেন। যেহেতু শিক্ষাছুটির বিধি-৬ অনুযায়ী আপনি পিএইচডি ডিগ্রী প্রাপ্ত হয়েছেন সেহেতু আপনার শিক্ষাছুটি বৃদ্ধি করার আর কোন সুযোগ না থাকায় কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষাছুটি বর্ধিতকরণের বিষয়টি গৃহীত হয়নি। এ বিষয়ে ১১/১২/২০২১ খ্রি. পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/পি.এফ-৩২৫/১৩২২ স্মারকমূলে এবং ২৯/০১/২০২২ খ্রি. পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/পি.এফ-৩২৫/১৬৭ স্মারকমূলে আপনাকে আরো ২ বার পত্র প্রেরণ করা সত্ত্বেও আপনি যোগদান করেন নি এমনকি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে কোনরূপ যোগাযোগ করেননি; যা সরকারি চাকুরির আচরণ বিধি পরিপন্থি। যার প্রেক্ষিতে ২৫/০৫/২০২২ খ্রি. পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/পি.এফ-৩২৫/৩৬৭ স্মারকমূলে আশীষ কুমার সাহা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৪(৩)(ঘ) ধারা মোতাবেক পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চাকুরি হতে কেন বরখাস্ত (Dismissal from Service) করা যাবেনা সে বিষয়ে ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলেও আপনি কোন জবাব প্রদান করেননি বা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি।

এমতাবস্থায়, জনাব **আশীষ কুমার সাহা,** সহকারী অধ্যাপক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ- কে বিজ্ঞপ্তি প্রকাশের ০১(এক) মাসের মধ্যে নিজ কর্মস্থলে যোগদানের জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে পরবর্তী রিজেন্ট বোর্ডে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক পদের চাকুরি হতে আপনাকে বরখাস্ত (Dismissal from Service) করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং আপনার কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের আর্থিক পাওনাদি আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

04/11/2025

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজাপুর, পাবনা-৬৬০০


**কর্মস্থলে যোগদানের জন্য বিজ্ঞপ্তি**

স্মারক নং- পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/৬৮৯/ ১৪৪২(ক)

তারিখ ঃ ০৪ নভেম্বর ২০২৫ খ্রি.

**বর্তমান ঠিকানা**
**তন্ময় দাস**
প্রভাষক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

**স্থায়ী ঠিকানা**
**তন্ময় দাস**
পিতা: কমল কান্তি দাস
বাসা/হোল্ডিং: ০২৭০-০০ গ্রাম: কলেজ রোড
ডাকঘর+থানা: বরগুনা সদর, জেলা: বরগুনা।

আপনি **জনাব তন্ময় দাস,** প্রভাষক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গত ১৭/০৮/২০১৯ ইং তারিখে North Carolina State University, USA তে পিএইচডি গবেষণার লক্ষ্যে নবায়ন সাপেক্ষে ০১ বছরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষাছুটির অনুমোদন প্রাপ্ত হন। গত ১৭/০৮/২০১৯ খ্রি. হতে শিক্ষাছুটি নিয়ে অধ্যয়নের নিমিত্তে অবস্থান করছেন। সে অনুযায়ী গত ১৬/০৮/২০২৩ খ্রি. আপনার শিক্ষাছুটির মেয়াদ ০৪ বছর পূর্ণ হয়েছে। পরবর্তীতে আরও এক বছর ছুটি বর্ধিত করণের জন্য সুপারভাইজারের সুপারিশসহ বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে রেজিস্ট্রার বরাবর পত্র প্রেরণ করেছেন। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষাছুটির নীতিমালা অনুযায়ী শর্ত পুরণ না হওয়ায় Board of Advanced Studies সভায় আপনার ৫ম বছরের শিক্ষাছুটি বর্ধিত করা হয়নি। বিষয়টি জানিয়ে আপনাকে গত ১১/০৫/২০২৪ খ্রি. পাবিপ্রবি/সংস্থাপন/পি.এফ-৬৮৯/৬৭৯ স্মারকমূলে ১ম বার, গত ১৪/০৯/২০২৪ খ্রি. পাবিপ্রবি/সংস্থাপন/পি.এফ-৬৮৯/১০৯৬ স্মারকমূলে ২য় বার এবং ২৫/০৬/২০২৫ খ্রি. পাবিপ্রবি/সংস্থাপন/পি.এফ-৬৮৯/৭৬৩ স্মারকমূলে ৩য় তথা শেষ বারের মতো নিজ বিভাগে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয় কিন্তু আপনি নিজ বিভাগে যোগদান তথা কর্তৃপক্ষের সাথে কোনরুপ যোগাযোগ করেন নি।

এমতাবস্থায়, **জনাব তন্ময় দাস,** প্রভাষক, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ-কে বিজ্ঞপ্তি প্রকাশের ০১(এক) মাসের মধ্যে নিজ কর্মস্থলে যোগদানের জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে পরবর্তী রিজেন্ট বোর্ডে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রভাষক পদের চাকুরি হতে আপনাকে বরখাস্ত (Dismissal from Service) করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং আপনার কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের আর্থিক পাওনাদি আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪/১১/২০২৫
(বিজন কুমার ব্রহ্ম)
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০

## কর্মস্থলে যোগদানের জন্য বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন/২৪৭/ ১৪৪২ (৫/১)

তারিখ ঃ ০৪ নভেম্বর ২০২৫ খ্রি.

**বর্তমান ঠিকানা**
**মোঃ মাহমুদুল হাসান**
সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।

**স্থায়ী ঠিকানা**
**মোঃ মাহমুদুল হাসান**
পিতা: মোহাম্মদ আলী
গ্রাম: চকবেলঘরিয়া, ডাকঘর: শ্যামপুর
থানা: মতিহার, জেলা: রাজশাহী।

আপনি **মোঃ মাহমুদুল হাসান,** সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গত ০১/০৮/২০১৫ ইং তারিখে Central Michigan University, USA তে এম.এস প্রোগ্রামে অধ্যয়নের জন্য নবায়ন সাপেক্ষ ০১ বছরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষাছুটির অনুমোদন প্রাপ্ত হন। পরবর্তীতে ২২/১০/২০১৬ ইং তারিখ PUST/Aca/42/৩০১৯ স্মারকে ০১বছরের জন্য আপনার শিক্ষাছুটির মেয়াদ বৃদ্ধি করা হয়। আপনার আবেদনের প্রেক্ষিতে, ২৯/০৯/২০১৮ তারিখ PUST/Aca/42/৫২০৩ স্মারকমূলে আপনাকে University of Nebraska, Lincoln, USA তে পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য ০১বছরের ছুটির বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। যার প্রেক্ষিতে, গত ২৩/০৪/২০১৯ তারিখে PUST/Aca/42/৫৭৭৪ স্মারকে ০১/০৮/২০১৮ থেকে ৩১/০৭/২০১৯ ইং, গত ০৩/০২/২০২০ তারিখ PUST/Aca/42/১৪০৭ স্মারকে ০১/০৮/২০১৯ ইং থেকে ৩১/০৭/২০২০ ইং, গত ৩০/০৫/২০২১ ইং তারিখে PUST/Aca/42/২১৭ স্মারকে ০১/০৮/২০২০ ইং থেকে ৩১/০৭/২০২১ ইং পর্যন্ত এবং ২২/০৮/২০২২ ইং তারিখ PUST/Aca/42/৮৮০ স্মারকে ০১/০৮/২০২১ ইং থেকে ৩১/০৭/২০২২ ইং পর্যন্ত আপনার চাহিত শিক্ষাছুটির মেয়াদ বর্ধিত করা হয়। গত ০১/০৮/২০২২ ইং তারিখ বিশ্ববিদ্যালয় কর্তৃক মঞ্জুরকৃত আপনার শিক্ষাছুটির মেয়াদ শেষ হয়। পরবর্তীতে গত ১২/০৭/২০২২ ইং তারিখে আপনি বিনা বেতনে শিক্ষাছুটির জন্য আবেদন করলে গত ২১/০৩/২০২৩ ইং তারিখ পাবিপ্রবি/ সংস্থাপন/ পি.এফ-২৪৭/৩৫৯ স্মারকে ০৮/০১/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত Board of Advanced Studies এর ৯ম সভার ১৫ নং সিদ্ধান্ত ও ১৪/০১/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ৪১ তম একাডেমিক কাউন্সিল সভার ০২ নং সিদ্ধান্তে সুপারিশকৃত এবং গত ০৮/০২/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ৬৫ তম রিজেন্ট বোর্ড সভার ৬৫.৪১ নং সিদ্ধান্ত মোতাবেক আপনার বিনা বেতনে শিক্ষাছুটি বর্ধিতকরণের বিষয়টি অনুমোদন না হওয়ায় আপনাকে স্ব-বিভাগে যোগদানের জন্য গত ২১/০৩/২০২৪ ইং তারিখ পাবিপ্রবি/ সংস্থাপন/ পি.এফ-২৪৭/৩৫৯ স্মারকমূলে প্রথম বার, গত ১৫/০৫/২০২৪ ইং তারিখ পাবিপ্রবি/সংস্থাপন/ পি.এফ-২৪৭/৭০৬ স্মারকমূলে ২য় বার এবং গত ১৭/০৯/২০২৪ ইং তারিখ পাবিপ্রবি/ সংস্থাপন/পি.এফ-২৪৭/১১০৫ স্মারকমূলে ৩য় তথা শেষ বারের মতো পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে পরপর ০৩(তিন) বার আপনাকে স্ব-বিভাগে যোগদানের জন্য (উপরে উল্লিখিত স্থায়ী ও বর্তমান ঠিকানায়) পত্র প্রেরণ করা হলেও আপনি এখন পর্যন্ত স্ব-বিভাগে যোগদান তথা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ করেননি।

এমতাবস্থায়, জনাব **মোঃ মাহমুদুল হাসান,** সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ-কে বিজ্ঞপ্তি প্রকাশের ০১(এক) মাসের মধ্যে নিজ কর্মস্থলে যোগদানের জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে পরবর্তী রিজেন্ট বোর্ডে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক পদের চাকুরি হতে আপনাকে বরখাস্ত (Dismissal from Service) করার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে এবং আপনার কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের আর্থিক পাওনাদি আদায়ের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।